

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইসিটি সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.legislative.gov.bd

সভাপতি	ড. মোহাম্মদ মহিউদ্দীন অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৯/০৮/২০২৪
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকায়
স্থান	কক্ষ নং- ৬২২, ৭ম তলা, ৪ নং ভবন, বাংলাদেশ সচিবালয়
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর কর্মপরিকল্পনা অনুযায়ী সিটিজেন চার্টারের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন ও পর্যালোচনার লক্ষ্যে ২৯-০৮-২০২৪ খ্রি: তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের অতিরিক্ত সচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) ড. মোহাম্মদ মহিউদ্দীন এর সভাপতিত্বে (কক্ষ নং- ৬২২, ৭ম তলা, ৪ নং ভবন, বাংলাদেশ সচিবালয়) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২৪-২৫ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর কর্মপরিকল্পনা অনুযায়ী সিটিজেনস চার্টারের বাস্তবায়ন অগ্রগতি এবং উক্ত চার্টারের হালনাগাদ তথ্য উপস্থাপন করেন। সভায় এ বিভাগের সিটিজেনস চার্টার এর বর্তমান অবস্থা সম্পর্কে আলোচনা হয় এবং উক্তরূপ আলোচনার প্রেক্ষিতে কতিপয় বিষয় সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথা: -

সিদ্ধান্তসমূহ: -

(ক) বার্ষিক কর্মসম্পাদন সম্পর্কিত অফিস আদেশ হলে তা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এ পরিবর্তন করতে হবে;

(খ) প্রশাসনের দায়িত্বে যে থাকবে তার নার অফিস আদেশ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবর্তন করতে হবে এবং

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) এর প্রয়োজনীয় সংশোধনপূর্বক উহা ওয়েবসাইটে হালনাগাদকরণ করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪-০৯-২০২৪
ড. মোহাম্মদ মহিউদ্দীন
অতিরিক্ত সচিব

২০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রি:সং

নম্বর: ৫৫.০০.০০০০.১১১.০৬.০০১.২২.১৬

বিভরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ড. মোহাম্মদ মহিউদ্দীন, অতিরিক্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ;
- ২। মোঃ মুনিবুজ্জামান, যুগ্মসচিব (ড্রাফটিং-৬), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ;
- ৩। জি. এম. আতিকুর রহমান জামালী, যুগ্মসচিব (ড্রাফটিং-৯), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ;
- ৪। মাহবুব আলম, প্রোগ্রামার, আইসিটি সেল, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এবং
- ৫। মোঃ আশরাফুল আলম, সহকারী সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।



০৯-০৯-২০২৪

মাহবুব আলম

প্রোগ্রামার

সকল সংযুক্তিসমূহ:

- (১) পরিশিষ্ট 'ক'